

// বৃত্তিপ্রাপ্তদের নিকট থেকে
টিউশন ফি আদায়
ব্যবস্থা নেবে শিক্ষা
অধিদফতর

■ ইত্তেফাক রিপোর্ট

পঞ্চম ও অষ্টম শ্রেণির বৃত্তিপ্রাপ্তদের নিকট থেকে টিউশন ফি আদায়কারী প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর। অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক এস এম ওয়াহিদুজ্জামান বলেন, বৃত্তিপ্রাপ্তদের কাছ থেকে টিউশন ফি আদায় অন্যায ও বেআইনি। যে প্রতিষ্ঠানগুলোর নাম এসেছে এবং এর বাইরেও যদি কোনো প্রতিষ্ঠান থাকে, যারা বৃত্তিপ্রাপ্তদের কাছ থেকে টিউশন ফি আদায় করে, তাদেরও শনাক্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

মাউশি মহাপরিচালক বলেন, আমি মন্ত্রণালয়ের পৃষ্ঠা ১৯ কলাম ৩

ব্যবস্থা নেবে শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

সঙ্গে এ বিষয়ে কথা বলেছি। মন্ত্রণালয় আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার কথা বলেছে। তিনি বলেন, আমি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ দিয়েছি।

গতকাল ইত্তেফাকে বৃত্তিপ্রাপ্তদের কাছ থেকে টিউশন ফি আদায়, নির্দেশ মানছে না অনেক নামি স্কুল শিরোনামে প্রথম পাতায় একটি প্রতিবেদন প্রকাশিত হয়।